



তথ্যবিবরণী

নম্বর-০১৮

সাম্প্রতিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রীর মতবিনিময় সভা

রাজশাহী; ১২ শ্রাবণ (২৭ জুলাই):

আজ শনিবার (২৭ জুলাই) বিকালে রাজশাহী সার্কিট হাউজে পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী মোঃ আব্দুল ওয়াদুদ, এমপি সাম্প্রতিক সময়ে রাজশাহী জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ে সরকারের বিভাগীয় পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময় করেন।

এসময় তিনি বলেন, জামাত-শিবির-বিএনপিসহ দুষ্কৃতিকারীরা এদেশকে একটি অকার্যকর রাষ্ট্রে পরিণত করার যে ঘৃণ্য ষড়যন্ত্রে লিপ্ত রয়েছে তার বিরুদ্ধে আমাদের সোচ্চার হতে হবে। রাষ্ট্রবিরোধী যেকোনো কার্যকলাপকে বুখে দিতে যার যার অবস্থান থেকে সর্বোচ্চ চেষ্টা করতে হবে। এসময় দলীয় ঐক্যের প্রতি গুরুত্বারোপ করে সমবায় প্রতিমন্ত্রী বলেন, জেলার সকল আওয়ামী লীগ নেতাকর্মীকে দেশের প্রয়োজনে সকল বিভেদ ভুলে গিয়ে একসাথে কাজ করতে হবে।

আব্দুল ওয়াদুদ আরও বলেন, বিভিন্ন সময়ে ষড়যন্ত্রকারীরা এদেশের উন্নয়নকে ব্যাহত করার জন্য চক্রান্তে লিপ্ত হয়েছে। ২০১৪-২০১৫ সালে, ২০২৩ সালের ২৮ অক্টোবর এবং সম্প্রতি কোটাবিরোধী আন্দোলনকে ব্যবহার করে জামাত-শিবিরের রাষ্ট্রবিরোধী বিভিন্ন কার্যকলাপ জনগণ প্রত্যক্ষ করেছে। এসকল কর্মকাণ্ডের ফলে সমগ্র জাতি বিভিন্নভাবে ক্ষতিগ্রস্ত হয়েছে এবং হচ্ছে। প্রধানমন্ত্রী এসময় গরীব-দুঃখী, খেটে খাওয়া মানুষের পাশে দাঁড়ানোর নির্দেশ দিয়েছেন। আমি নিজ উদ্যোগে প্রায় ১০০০ মানুষকে খাদ্যদ্রব্য সহযোগিতার ব্যবস্থা করেছি। এসময় তিনি জেলার বিত্তশালীদের গরীব-দুঃখী মানুষের সহযোগিতায় এগিয়ে আসার আহ্বান জানান।

উক্ত সভায় সমবায় প্রতিমন্ত্রী জেলার প্রশাসন, পুলিশ ও বিভাগীয় উর্ধ্বতন কর্মকর্তাদের আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে করণীয় সম্পর্কে বিভিন্ন দিকনির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, রাজশাহী জেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি এখন অনেকটাই স্বাভাবিক। আশা করা যায় অতি শীঘ্রই জীবন-যাত্রা পুরোপুরি স্বাভাবিক হবে। এসময় তিনি রাজশাহীবাসীকে ধৈর্য্য ধরার আহ্বান জানান।

মতবিনিময় সভায় রাজশাহী পল্লী উন্নয়ন ও সমবায় অধিদপ্তরের বিভাগীয় পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

.....  
তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৮.৩০ ঘ.